গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
শৃঙ্খলা-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং- ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০০১.২২- ৬৯

তারিখঃ ২৫ বৈশাখ ১৪৩১ / ০৮ মে ২০২৪

**প্রজ্ঞাপন**

জনাব মোঃ মোক্তার হোসেন (বিপি-৭৭০৫১২৪২৯৭), পুলিশ সুপার, পিবিআই, কক্সবাজার ও সাবেক পুলিশ সুপার, পিবিআই, বাগেরহাট গত ২৯-০৫-২০১৯ তারিখ হতে ১৩-০২-২০২১ তারিখ পর্যন্ত সুদানের UNAMID (দারফুর) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে Individual Police Officer (IPO) হিসাবে কর্মরত থাকাকালে তার অধীনস্থ অভিযোগকারী পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব নুরুন্নাহার সোনিয়া (বিপি-৭৭০৪১০২৪১১)-এর সাথে অনৈতিক সম্পর্ক গড়ে তোলেন এবং একই ক্যাম্পে ভিন্ন ভিন্ন রুমে সহাবস্থান করেন। পরবর্তীতে WhatsApp এর মাধ্যমে আপত্তিকর ছবিসহ বিভিন্ন ধরনের মেসেজের আদান-প্রদান করা, সুদান হতে বাংলাদেশে ছুটিতে এসে ঢাকার বিভিন্ন হোটেলে একইসাথে অবস্থান করা, অভিযোগকারী জনাব নুরুন্নাহার সোনিয়া কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী, ২০০৩) এর ৯(১) ধারায় ঢাকার উত্তরা পূর্ব থানায় মামলা দায়ের করা এবং পরবর্তীতে উক্ত ঘটনা বিভিন্ন মিডিয়ায় প্রচারিত হওয়ায় বাংলাদেশ পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন করার অভিযোগে সাময়িক বরখাস্তপূর্বক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ অধিদপ্তর-এর অনুরোধের পরিপ্রেক্ষিতে তাকে সাময়িক বরখাস্তপূর্বক গত ২৪-০৪-২০২২ তারিখ তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(১)(খ) বিধি মোতাবেক কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। গত ১৫-০৬-২০২২ তারিখ কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন।

০২। তদপ্রেক্ষিতে গত ০১-০৮-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০৩। তদন্তকারী কর্মকর্তা সকল বিধি বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত অন্তে গত ২৩-০৮-২০২৩ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তিনি উক্ত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন।

০৪। অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)-এর উপ-বিধি (১)(ঘ) মোতাবেক চাকরি হতে বরখাস্ত বা অন্য কোন উপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তিনি গত ০২-১১-২০২৩ তারিখ ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন।

০৫। জনাব মোঃ মোক্তার হোসেন (বিপি-৭৭০৫১২৪২৯৭), পুলিশ সুপার-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাবসমূহ, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্রাদি পর্যালোচনায় জনাব মোঃ মোক্তার হোসেন (বিপি-৭৭০৫১২৪২৯৭), পুলিশ সুপার-কে '০২ (দুই) বৎসরের জন্য নিম্নপদে অবনমিতকরণ' গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর ৬নং প্রবিধি মোতাবেক গুরুদণ্ড চূড়ান্তকরণের জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর পরামর্শ চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন গত ২৫-০২-২০২৪ তারিখ ৬৭ নম্বর স্মারকের পত্রে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী '০২ (দুই) বৎসরের জন্য নিম্নপদে অবনমিতকরণ'-এর দণ্ড প্রদানের নিমিত্ত গৃহীত প্রাথমিক সিদ্ধান্ত চূড়ান্তকরণে পরামর্শ প্রদান করে।

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

০৬। মহামান্য রাষ্ট্রপতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৬) অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে জনাব মোঃ মোক্তার হোসেন (বিপি-৭৭০৫১২৪২৯৭), পুলিশ সুপার-কে '০২ (দুই) বৎসরের জন্য নিম্নপদে অবনমিতকরণ' গুরুদণ্ডে দণ্ডিত করতে সদয় সম্মতি প্রদান করেন।

০৭। এমতাবস্থায়, জনাব মোঃ মোক্তার হোসেন (বিপি-৭৭০৫১২৪২৯৭), পুলিশ সুপার, পিবিআই, কক্সবাজার ও সাবেক পুলিশ সুপার, পিবিআই, বাগেরহাট-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী '০২ (দুই) বৎসরের জন্য নিম্নপদে অবনমিতকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০০১.২২- ৬৯ (২৫/৯)

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩১
০৮ মে ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন/ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি বর্ণিত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারির অনুরোধসহ)।
০৪। অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৫। যুগ্মসচিব (শৃঙ্খলা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশনার জন্য এবং প্রকাশিত গেজেটের কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো)।
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। জনাব মোঃ মোক্তার হোসেন (বিপি-৭৭০৫১২৪২৯৭), পুলিশ সুপার, পিবিআই, কক্সবাজার ও সাবেক পুলিশ সুপার, পিবিআই, বাগেরহাট।
১২। অফিস কপি।